দৈনিক ইনকিলাব

তারিখ ... FEB. 21..1999 ... ...
পৃষ্ঠা: ৭ কলাম ৩.....

## শিক্ষাসামগ্রীর মূল্য হ্রাস করার দাবী

মানুষের শিক্ষা অর্জন করা মৌলিক অধিকারসমূহের মধ্যে একটি। এই শিক্ষা সর্বসাধারণের নিকট সহজলভ্য করার জন্য যা সবচেয়ে বেশী প্রয়োজন তা হচ্ছে শিক্ষা উপকরণের মূল্য বজায় রাখা। বাংলাদেশের বেশীরভাগ লোকই দরিদ্র। তারা সন্তানদের লেখাপড়ার খরচ চালাতে রীতিমত হিমশিম খেয়ে যাচ্ছেন। বাংলাদেশের প্রায় প্রত্যেকটি অঞ্চলেই প্রতি বছরের ন্যায় এবারও বছর শুরু হতে না হতেই বই-খাতা, কাগজ-কলম, কালির মূল্য যে হারে বৃদ্ধি শুরু হয়েছে, তাতে শিক্ষিতের হার বৃদ্ধির চেয়ে কমার আশংকাই বেশী। বাজারে কাগজের দাম এখন হোয়াটপ্রিন্ট প্রতি দিস্তা ১৩-১৪ টাকা থেকে ১৬-১৭ টাকায় বৃদ্ধি হয়েছে, নিউজপ্রিন্ট ৬ টাকা থেকে ৭-৮ টাকায় বিক্রি হচ্ছে। আর বইয়ের দাম নির্ধারিত মূল্যের চেয়ে অনেক বেশী দামে বিক্রি হচ্ছে। এভাবে প্রতিবছর কিছু কিছু দাম বৃদ্ধি হতেই থাকলে আমি একজন ছাত্র হিসাবে মনে করতে পারি, সমগ্র জাতির জীবনে অচিরেই অন্ধকার নেমে আসবে। তাই বিপুলসংখ্যক অর্ধ শিক্ষিত নিরক্ষর লোককে শিক্ষিত করতে সবচেয়ে বেশী প্রয়োজন শিক্ষা উপকরণের দাম কমানো। সুতরাং শিক্ষা উপকরণের মূল্য হ্রাসপূর্বক নির্ধারণ করার ব্যাপারে সরকার প্রধানসহ সংশ্লিষ্ট সকলের সুদৃষ্টি আকর্ষণ করছি।

—মোঃ শফিকুল ইসলাম শামীম (২য় বর্ষ),
পলাশ ইউরিয়া সার কারখানা, পলাশ, নরসিংদী।